

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৮৮/২০১১/

তারিখ : /০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব আ.ফ.ম. হাসানুজ্জামান এর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত প্রসঙ্গে।

- সূত্র : ১) জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি(জ)/৩৫১ তারিখ: ২৭/০৮/২০১৬ খ্রিঃ।
২) জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি(জ)/৩৯২ তারিখ: ০৭/০৫/২০১৫ খ্রিঃ।
৩) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-টিএসসি/প্রকল্প/রাজস্ব বাস্তবায়ন/১৫৪৭/অংশ-০৭/১৫/৪০৩ তারিখ: ০৭ মে ২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব আ. ফ. ম. হাসানুজ্জামান ১৭/০১/২০০৯ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে মর্মে জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ ১ নং সূত্রে বর্ণিত পত্রে উল্লেখ করেছে।

- ২। “এসএসসি ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স প্রবর্তনের লক্ষ্যে ১৩টি নতুন ভিটিআই স্থাপন (যেখানে কোন ভিটিআই বা টিটিসি নাই) এবং বিদ্যমান ৫১ ভিটিআই সমূহের সংস্কার ও উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল (৩) নং সূত্র মোতাবেক অস্থায়ী রাজস্ব খাতে পদায়ন সংক্রান্ত আদেশ করা হয় কিন্তু (২) নং সূত্র মোতাবেক তার প্রতিষ্ঠানে পদায়নকৃত পদে ০৮ (আট) জন জুনিয়র ইন্সট্রাক্টর যোগদান করেছেন বলে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরিত যোগদান সম্পর্কিত প্রতিবেদনে উল্লেখ করেন। তার প্রতিবেদনে ১৭/০১/২০০৯ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে অনুপস্থিত জুনিয়র ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব আ. ফ. ম. হাসানুজ্জামান পদায়নকৃত পদে যোগদান করেছেন বলে উল্লেখ করা হয়।
- ৩। এমতাবস্থায়, জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব আ. ফ. ম. হাসানুজ্জামান ১৭/০১/২০০৯ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সত্ত্বেও কিভাবে তাকে ০৭/০৫/২০১৫ খ্রিঃ তারিখে অস্থায়ী রাজস্ব খাতে পদায়নকৃত পদে যোগদান দেখানো হয়েছে সে বিষয়ে তাঁর সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তি ১০(দশ) কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


প্রাপক : জনাব মোঃ বেলাল হোসেন
অধ্যক্ষ
জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ
জয়পুরহাট।

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৮৮/২০১১/ ০২৩৯(৩)

তারিখ : ২৬/০৯/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি


(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
